খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের ১ম ত্রৈ-মাসিক (জুলাই /২০২০-সেপ্টেম্বর/২০২০) এর সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল মুকিম সরকার, পিবিজিএম,এনডিসি, পিএসসি, চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| তারিখ ও সময় | : | ১৬সেপ্টেম্বর/২০২০ বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |

সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা। | - | সদস্য |
| ২। | সচিব, কেডিএ, খুলনা। | - | সদস্য |
| ৩। | জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশী, কেডিএ, খুলনা। | - | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪। | জনাব মো: মামুনুল আবেদীন, অডিট অফিসার, কেডিএ, খুলনা। | - | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত কাঠামোর ১ম ত্রৈ-মাসিক (জুলাই/২০২০-সেপ্টেম্বর/২০২০) এর কার্যক্রমের উপর আলোচনা উপস্থাপন করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

| আলোচ্য সূচী | মন্তব্য/বাস্তবায়ন |
|---|---|
| **আলোচ্য সূচী নং- ০১**<br><br>বিগত ১৬/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরের ৩য় ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করণ এবং কার্যক্রম বাস্তবায়ন ।<br><br>আলোচনাঃ<br><br>সভাপতি বিগত ১৬/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরে ৩য় ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্তঃ<br><br>বিস্তারিত আলোচনার পর ১৬/২/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরে ৩য় ত্রৈ-মাসিক সভার কার্য বিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ<br>**প্রমাণকঃ**<br>সভার সিদ্ধান্ত, শুদ্ধাচার কার্যক্রম ও সময় সময় কমিটি কর্তৃক চাহিত মোতাবেক তথ্যাদি। |
| **আলোচ্য সূচী নং- ০২ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা (কার্যক্রম ১.১-১.২)**<br><br>নৈতিকতা কমিটির সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।<br><br>আলোচনাঃ<br><br>প্রতি ত্রৈ-মাসিকে নৈতিকতা কমিটির সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা হয়। কেডিএতে শুদ্ধাচার প্রতিষ্ঠার জন্য উক্ত সভা এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা জরুরী মর্মে সকলে একমত পোষণ করেন। তাছাড়া বিদ্যমান নৈতিকতা কমিটিতে সহকারী প্রোগ্রামার জনাব মোঃ সোয়েব হাওলাদারকে সদস্য করে ২০২০-২০২১ অর্থ বছরের জন্য নৈতিকতা কমিটি পুনর্গঠন করতে হবে মর্মেও আলোচনা করা হয় ।<br><br>সিদ্ধান্তঃ<br><br>বিস্তারিত আলোচনার পর নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত যথারীতি বাস্তবায়নের এবং বিদ্যমান নৈতিকতা কমিটিতে সহকারী প্রোগ্রামার জনাব মোঃ সোয়েব হাওলাদারকে সদস্য করে ২০২০-২০২১ অর্থ বছরের জন্য নৈতিকতা কমিটি পুনর্গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ<br>ও<br>সহকারী সচিব এবং নৈতিকতা কমিটি<br>**প্রমাণক:**<br>সভার কার্য বিবরণী ও বাস্তবায়ন পরীবিক্ষণ প্রতিবেদন |

| | |
|---|---|
| **আলোচ্য সূচী নং- ০৩ দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন (কার্যক্রম ২.১-২.২)**<br><br>সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।<br><br>**আলোচনাঃ**<br><br>সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে বর্তমান ত্রৈ-মাসিকে (জুলাই/২০- সেপ্টেম্বর/২০ ) কেডিএ'র অথরাইজড শাখা সেবা প্রত্যাশিদের নিয়ে সভা করে সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করবে মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।<br><br>**সিদ্ধান্তঃ**<br><br>বিস্তারিত আলোচনার পর বর্তমান ত্রৈ-মাসিকে (জুলাই/২০- সেপ্টেম্বর/২০ ) কেডিএ'র অথরাইজড শাখা সেবা প্রত্যাশিদের নিয়ে সভা করে প্রয়োজনীয় প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | অথরাইজড অফিসার<br>**প্রমাণকঃ** সভার কার্যবিবরণী ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন। |
| **আলোচ্য সূচী নং- ০৪ দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন (কার্যক্রম ২.৩-২.৪)**<br><br>কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে চাকুরি ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।<br><br>**আলোচনাঃ**<br><br>কর্তৃপক্ষে কর্মরত জনবলকে প্রশিক্ষণের দ্বারা আরো দক্ষ করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।<br><br>**সিদ্ধান্তঃ**<br><br>কর্তৃপক্ষে কর্মরত জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি ত্রৈ-মাসিকে প্রশাসন ও সাধারণ শাখা কর্তৃক চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ এবং নৈতিকতা কমিটি কর্তৃক সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী সচিব<br>ও<br>নৈতিকতা কমিটি<br>**প্রমাণকঃ**<br>উপস্থিতি ও প্রশিক্ষণের নোটিশ |
| **আলোচ্য সূচী নং- ০৫ শুদ্ধাচার প্রতিষ্ঠার সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র এর বাস্তবায়ন এবং খসড়া প্রণয়ন (কার্যক্রম ৩.১-৩.২)।**<br><br>ইমারত নির্মাণ বিধিমালা অনুযায়ী কার্যক্রম গ্রহণ ও বেসরকারী আবাসিক প্রকল্পের বিষয়ে উদ্যোক্তা/ পরামর্শক ব্যক্তি বা প্রতিষ্ঠান ও প্রকল্প অনুমোদন প্রক্রিয়া বাস্তবায়ন।<br><br>**আলোচনাঃ**<br>কেডিএ'র আওতাধীন এলাকার অবৈধ স্থাপনা অপসারণের জন্য এলাকা ভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে প্রশাসনের সহায়তার জন্য পত্র প্রেরণ এবং বেসরকারী আবাসিক প্রকল্প নিবন্ধনের জন্য পত্র প্রেরণের বিষয় সভায় আলোচনা হয়। প্রশাসনিক সহায়তা নিয়ে অবৈধ স্থাপনা লক্ষ্যমাত্রা অনুযায়ী উচ্ছেদ করা এবং বেসরকারী আবাসিক প্রকল্পের পক্ষ থেকে প্রাপ্ত আবেদনগুলির বিষয়ে পরিকল্পনা শাখা প্রয়োজনীয় সুপারিশ পেশ করবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।<br><br>**সিদ্ধান্তঃ**<br>বিস্তারিত আলোচনার পর অবৈধ স্থাপনা অপসারণের লক্ষ্যে অবৈধ স্থাপনা চিহ্নিত করে উচ্ছেদের জন্য দিন নির্ধারণ করে প্রশাসনের সহযোগীতা চেয়ে পত্র প্রেরণ এবং বেসরকারী আবাসিক প্রকল্পের পক্ষ থেকে প্রাপ্ত আবেদনগুলির বিষয়ে পরিকল্পনা শাখা প্রয়োজনীয় সুপারিশ পেশ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | অথরাইজড অফিসার<br>ও<br>পরিকল্পনা অফিসার<br>**প্রমাণক:**<br>সংশ্লিষ্ট বাস্তবায়ন প্রতিবেদন |
| **আলোচ্য সূচী নং- ০৬ ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ (৪.১-৪.৫)।**<br><br>**আলোচনাঃ**<br>কেডিএ'র ওয়েবসাইটে স্থাপিত সেবাবক্স সমূহে যেসব তথ্যাদি সন্নিবেশিত আছে সেসব তথ্যাদি হালনাগাদ করে সন্নিবেশ করতে হবে মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | সহকারী প্রোগ্রামার<br>ও<br>সহকারী সচিব |

| | |
|---|---|
| **সিদ্ধান্তঃ**<br>কেডিএ'র ওয়েবসাইটে স্থাপিত সেবাবক্স সমূহ বর্তমান তথ্যাদিসহ হালনাগাদ করতে হবে এবং নিয়মিত হালনাগাদ অব্যাহত রেখে ওয়েব সাইটে আপলোডযোগ্য তথ্যাদির কপি প্রশাসন ও সাধারণ শাখা কর্তৃক কম্পিউটার সেলেও ফরোয়ার্ড করতে হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হলো। | **প্রমাণক:**<br>ওয়েবসাইট ও এর স্ক্রীন শর্ট |
| **আলোচ্য সূচী নং- ০৭ সুশাসন প্রতিষ্ঠা ( ৫.১-৫.২ )**<br><br>**আলোচনাঃ**<br>কেডিএ'র উত্তম চর্চার তালিকা পূনরায় হালনাগাদ আকারে প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ এবং অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে উত্তম চর্চার তালিকা হালনাগাদ করার এবং বর্তমান কোভিড-১৯ এর প্রভাবের কারণে অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম করার বিষয়ে সকলে একমত পোষণ করেন।<br><br>**সিদ্ধান্তঃ**<br>বিস্তারিত আলোচনার পর কেডিএ'র উত্তম চর্চার তালিকা হালনাগাদ করার এবং অনল্যাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী সচিব<br>ও<br>সংশ্লিষ্ট শাখা<br>**প্রমাণক:**<br>প্রাপ্ত তালিকা ও অগ্রায়নপত্র এবং ওয়েবসাইট ও অনলাইন |
| **আলোচ্য সূচী নং- ০৮ প্রকল্পের শুদ্ধাচার (৬.১-৬.৩)**<br><br>**আলোচনাঃ**<br>প্রকল্প সমূহের বার্ষিক ক্রয় পরিকল্পনা অর্থ বছরের প্রারম্ভে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করানো, প্রকল্পের এডিপি বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদনে সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে প্রতিবেদন প্রস্তুত করা আবশ্যক মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।<br><br>**সিদ্ধান্তঃ**<br>বিস্তারিত আলোচনার পর প্রকল্প সমূহের বার্ষিক ক্রয় পরিকল্পনা অর্থবছরের প্রারম্ভে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করানো, প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন ও সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন চেয়ারম্যান, কেডিএর নিকট উপস্থাপন করতে হবে এবং নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক<br>ও<br>নির্বাহী প্রকৌশলী (প্রকল্প)<br>**প্রমাণক:**<br>অনুমোদিত ক্রয় পরিকল্পনা পরিদর্শন প্রতিবেদন ও সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন |
| **আলোচ্য সূচী নং- ০৯ ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার ( ৭.১-৭.২ )**<br>**আলোচনা:**<br><br>বিভিন্ন সেবা ক্রয়ের ক্ষেত্রে অর্থ বছরের প্রারম্ভে বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ ও ই-টেন্ডারিং এর মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন করার নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী ২০২০-২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা স্ব স্ব শাখা ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।<br><br>**সিদ্ধান্তঃ**<br>বিস্তারিত আলোচনার পর প্রত্যেক শাখা স্ব স্ব সেবা ক্রয়ের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা সেপ্টেম্বর/২০২০ এর মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করার ও ই-টেন্ডারিং এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল ক্রয়কারী কর্মকর্তা<br>ও<br>সংশ্লিষ্ট টেন্ডার আহবানকারী<br>**প্রমাণক:**<br>অফিস আদেশ, ওয়েবসাইট, ই-টেন্ডারিং নোটিশ ও সিপিটিইউ তথ্য |
| **আলোচ্য সূচী নং- ১০ স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করণ (৮.১-৮.৩)**<br><br>**আলোচনাঃ**<br>সেবা প্রদান প্রতিশ্রুতি ও শাখা পরিদর্শন প্রতিবেদন নির্দিষ্ট ফরম্যাটে প্রস্তুত করতে হবে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ও পরিদর্শন প্রতিবেদনের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্তঃ**<br>বিস্তারিত আলোচনার পর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ও পরিদর্শন প্রতিবেদনের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া শাখা পরিদর্শনের সাথে মন্তব্য কলাম পূরণ করে বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হলো। | সেবা প্রদানকারী শাখা<br>ও<br>সকল শাখা প্রধান<br>**প্রমাণক:**<br>ওয়েবসাইট, সভার কার্যবিবরণী; পরিদর্শন প্রতিবেদন, বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |

| | |
|---|---|
| **আলোচ্য সূচী নং- ১১ নথি শ্রেণী বিন্যাস, বিনষ্টকরণ ও গণশুনানী (৮.৪-৮.৬)**<br><br>আলোচনাঃ<br>সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নথি শ্রেণি বিন্যাস করার ও বিনষ্টযোগ্য নথির তালিকা প্রস্তত করে নথিসমুহ নিচ তলায় জমা করা হয়েছে। উক্ত নথিসমূহ বিনষ্টের জন্য সহকারী সচিব কর্তৃক (২০/০৯/২০২০ থেকে ২৪/০৯/২০২০ তারিখের মধ্যে) তারিখ নির্ধারণ করে নথি বিনষ্টের বিষয়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। প্রাতিষ্ঠানিক গণশুনানী অনলাইনের মাধ্যমে করতে হবে মর্মেও সভায় আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্তঃ<br>সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথিসমূহ বিনষ্টের জন্য সহকারী সচিব কর্তৃক (২০/০৯/২০২০ থেকে ২৪/০৯/২০২০ তারিখের মধ্যে) তারিখ নির্ধারণ করে নথি বিনষ্টের বিষয়ে কার্যক্রম সম্পন্ন কররে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া অনলাইন গণশুনানী ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী সচিব<br>ও<br>সংশ্লিষ্ট শাখা<br>**প্রমাণক:**<br>সংশ্লিষ্ট রেজিষ্টার, ই-নথি তথ্য, বিনষ্ট নথির তালিকা, নোটিশ, পত্র |
| **আলোচ্য সূচী নং- ১২ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম ( ৯.১-৯.৫ )**<br><br>আলোচনাঃ<br>কেডিএ'তে শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মকর্তা/কর্মচারীদের নৈতিক মান উন্নয়নের লক্ষ্যে সভা/ সেমিনার, সেবা সপ্তাহ পালনের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে এবং ওয়ান স্টপ সার্ভিসের ও আর্থিক বিধির যথাযথ বাস্তবায়ন করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্তঃ<br>বিস্তারিত আলোচনার পর কেডিএ'তে শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মকর্তা/কর্মচারীদের নৈতিক মান উন্নয়নের লক্ষ্যে সভা/ সেমিনার, সেবা সপ্তাহ পালনের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে এবং ওয়ান স্টপ সার্ভিসের ও আর্থিক বিধির যথাযথ বাস্তবায়ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী সচিব, সিনিয়র বৈষয়িক অফিসার, অথরাইজড অফিসার, পরিকল্পনা অফিসার এবং সংশ্লিষ্ট পিডি ও ক্রয়কারী কর্মকর্তা<br>**প্রমাণক:**<br>নোটিশ, ওয়েবসাইট, ছবি কার্যক্রম সংশ্লিষ্ট প্রমাণক |
| **আলোচ্য সূচী নং- ১৩ শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান: (কার্যক্রম- ১০.১)।**<br><br>আলোচনাঃ<br>শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার জন্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা আছে মর্মে সভায় আলোচনা করা হয়। কেডিএর ২০১৯-২০২০ অর্থ বছরের পুরস্কার প্রাপ্তদের অফিস আদেশ জারীর বিষয়ে সহকারী সচিব ব্যবস্থা গ্রহণ করবেন মর্মেও সভায় আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত:<br>বিস্তারিত আলোচনার পর কেডিএর ২০১৯-২০২০ অর্থ বছরের পুরস্কার প্রাপ্তদের বিষয়ে সহকারী সচিব অফিস আদেশ জারীর ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী সচিব<br>**প্রমাণকঃ**অফিস আদেশ ও ওয়েবসাইট |
| **আলোচ্য সূচী নং-১৪ কর্ম-পরিবেশ উন্নয়ন: (কার্যক্রম- ১১.১** কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)<br><br>আলোচনাঃ<br>স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির মাধ্যমে কর্ম-পরিবেশ উন্নয়ন করা প্রয়োজন মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।<br><br>সিদ্ধান্ত:<br>বিস্তারিত আলোচনার পর কেডিএ'র অকেজো মালামালের তালিকা প্রস্তত করে সে গুলি বিনষ্টের ব্যবস্থা করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী সচিব<br>**প্রমাণকঃ**<br>বাস্তবায়ন প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র |
| **বিবিধ আলোচ্য সূচী নং- ১৫** প্রমাণক সংরক্ষণ।<br><br>আলোচনা ও সিদ্ধান্তঃ<br>NIS (শুদ্ধাচার), APA (বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি), INNOVATION (উদ্ভাবনী) ইত্যাদির সিদ্ধান্তের আলোকে কার্যক্রম গ্রহণ করে তার প্রমাণক সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট কমিটি ও দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ব্রিগে: জেনা: মো: আব্দুল মুকিম সরকার
পিবিজিএম, এনডিসি, পিএসসি
চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত
নৈতিকতা কমিটি।

স্মারক নং-২৫.৪১.০০০০.০০৭.০৬.১৪.২০- ৩০৩৭/১৪

তারিখ: ০৬ আশ্বিন' ১৪২৭
২১ সেপ্টেম্বর'২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

০১। সচিব, কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।
০২। প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।
০৩। সিনিয়র বৈষয়িক অফিসার, কেডিএ, খুলনা।
০৪। নির্বাহী প্রকৌশলী (র: বে:), কেডিএ, খুলনা।
০৫। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, কেডিএ, খুলনা।
০৬। অথরাইজড অফিসার, কেডিএ, খুলনা।
০৭। স্থপতি, কেডিএ, খুলনা।
০৮। সহকারী সচিব, কেডিএ, খুলনা।
০৯। নির্বাহী প্রকৌশলী (পূর্ত), কেডিএ, খুলনা।
১০। সহকারী প্রোগ্রামার, কেডিএ, খুলনা।
১১। নির্বাহী প্রকৌশলী (প্রকল্প), কেডিএ, খুলনা।
১২। পরিকল্পনা অফিসার, কেডিএ, খুলনা।
১৩। জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশলী, কেডিএ, খুলনা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।
১৪। একান্ত সচিব, চেয়ারম্যান, কেডিএ, খুলনা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০/০৯/২০২০
(মো: মামুনুল আবেদীন)
অডিট অফিসার
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত
নৈতিকতা কমিটি।